

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭ (খন্ড-১).২৭

তারিখ: ২২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তকরণ/বকেয়া প্রদান/বেতন ভাতার সরকারি অংশ ছাড়করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিলকৃত নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো:


ক্র:নং	আবেদনকারী/ডি.ও প্রদানকারীর নাম ও ঠিকানা	বিষয়
০১.	জনাব আবুল কালাম মো: আহসানুল হক চৌধুরী, মাননীয় সংসদ সদস্য-২০ রংপুর-২ (তারাগঞ্জ- বদরগঞ্জ)।	রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বকশীগঞ্জ ডিগ্রী কলেজের স্থগিত ডিগ্রী এমপিও কোড পুনর্বহাল সংক্রান্ত।
০২.	জনাব গোলাম কিবরিয়া টিপু মাননীয় সংসদ সদস্য ১২১, বরিশাল-৩	বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন চাঁদপাশা হাইস্কুল ও কলেজ এর সহকারী অধ্যাপক মো: রুহুল আমীন এর অনুমোদিত বেতন ভাতার সরকারি অংশের টাকা ছাড়করণের আদেশ সংক্রান্ত।
০৩.	জনাব ইকবালুর রহিম মাননীয় সংসদ সদস্য হইপ দিনাজপুর-৩	দিনাজপুর জেলার সদর উপজেলাধীন করিমুল্যাপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোসা: নাফুন নাহার আকতারী এর এমপিওভুক্তি সংক্রান্ত।
০৪.	জনাব আব্দুল্লাহ আল ইসলাম জ্যাকব, মাননীয় সংসদ সদস্য ১১৮, ভোলা-৪ (চরফ্যাশন, ভোলা)।	ভোলা জেলার লালমোহন উপজেলাধীন খলীপৌরনগর কলেজে কর্মরত ইসলামী শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব মোহাম্মদ আব্দুর রাজ্জাক এর নাম এমপিওভুক্তকরণ সংক্রান্ত।
০৫.	জনাব আব্দুল্লাহ আল ইসলাম জ্যাকব, মাননীয় সংসদ সদস্য ১১৮, ভোলা-৪ (চরফ্যাশন, ভোলা)।	চরফ্যাশন উপজেলাধীন শশীভূষণ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নিম্ন মাধ্যমিক স্তরের শিক্ষকদের বকেয়া বেতন-ভাতাদি ছাড়করণ সংক্রান্ত।
০৬.	জনাব ইয়ানুর জাহান সহকারী শিক্ষক (বাংলা) আখারা উচ্চ বিদ্যালয় মতলব, চাঁদপুর।	(এনটিআরসিএ) এর কর্তৃক ৩য় নিয়োগ চক্রে শূন্য পদে সুপারিশ প্রাপ্ত হয়ে যোগদানকৃত সহকারী শিক্ষক (বাংলা) ১ম ব্যাচ ২০০৫ তারিখে শিক্ষক নিবন্ধন সনদ অর্জনের তখনকার নীতিমালার যোগ্যতার আলোকে এমপিওভুক্তিকরণ সংক্রান্ত।
০৭.	জনাব মো: রফিকুল ইসলাম সহকারী প্রশাসনিক গোপালপুর শহীদ রশিদ চৌধুরী দ্বিমুখী উচ্চ বিদ্যালয় ঘোড়াঘাট, দিনাজপুর।	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১১.২ অনুচ্ছেদের স্থলে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৪.১৬ অনুচ্ছেদটি স্থলাভিষিক্ত করণ প্রসঙ্গে।

*(Signature)*

০৮.	ড. মো: এমদাদুল ইসলাম সভাপতি, এম.ফিল, পিএইচডি, ডিগ্রীধারী বাংলাদেশ বেসরকারি শিক্ষক সমিতি।	এমপিও নীতিমালা-২০২১ এ বিদ্যমান বৈষম্যসমূহ দূরকরা এবং কিছু যৌক্তিক দাবি সংযোজন প্রসঙ্গে।
০৯.	জনাব মিন্টু মহন্ত, প্রভাষক (দর্শন), দুর্গাহাটা ডিগ্রী কলেজ, গাবতলী, বগুড়া।	এনটিআরসিএ কর্তৃক ২০১৯ সালে নিয়োগকৃত (বাদপড়া) ডিগ্রী তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তি সংক্রান্ত।
১০.	জনাব বিনু চন্দ্র বর্মণ সহকারী শিক্ষক ভিতরবন্দ জেডি একাডেমী নাগেশ্বরী, কুড়িগ্রাম।	মহামান্য হাইকোর্ট বিভাগ এর রীট পিটিশন নং-৮৭১১/১৬ ও আপিল বিভাগের সিপি নং-৪৩১/১৯ এর রায় বাস্তবায়ন করে মে/২০১৬ হতে বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ উৎসব ভাতাসহ ছাড়করণ সংক্রান্ত।

২.০ এমতাবস্থায়, দাখিলকৃত আবেদনে উল্লেখিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
০৫/০২/২০২৩

(মো: মিজানুর রহমান)

উপসচিব

ফোন: ৫৫১০০৫১৭

ই-মেইল: [ds.mpo@moedu.gov.bd](mailto:ds.mpo@moedu.gov.bd)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৫. জনাব, -----।
৬. অফিস কপি।